

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নম্বর ০৪

এপ্রিল ২৩, ২০২৪
তারিখ : -----
বৈশাখ ১০, ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক


প্রিয় মহোদয়গণ,

অফশোর ব্যাংকিং আইন, ২০২৪ (২০২৪ সনের ০২ নং আইন) সংক্রান্ত
জাতীয় রাজস্ব বোর্ড (আয়কর) কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপন প্রসঙ্গে।

এফই সার্কুলার লেটার নম্বর ০১, তারিখ মার্চ ১৮, ২০২৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। অফশোর ব্যাংকিং আইন, ২০২৪ (২০২৪ সনের ০২ নং আইন) এর ১৫ ধারা অনুযায়ী অফশোর ব্যাংকিং-এর আমানতকারী বা বৈদেশিক ঋণদাতাগণকে প্রদেয় সুদ বা মুনাফা, কর পরিশোধ হতে অব্যাহতি প্রদান সংক্রান্ত জাতীয় রাজস্ব বোর্ড (আয়কর) কর্তৃক এপ্রিল ২২, ২০২৪ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(এ.কে.এম. রমিজুল ইসলাম)
পরিচালক (এফইপিডি) (চলতি দায়িত্বে)
ফোন: ৯৫৩০১২৩

সংযুক্তি: ০১ পাতা।

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ২২, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
(আয়কর)
প্রজ্ঞাপন

তারিখ: ০৯ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ/২২ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ১০০-আইন/আয়কর-২৯/২০২৪।—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, অফসোর ব্যাংকিং আইন, ২০২৪ (২০২৪ সনের ০২ নং আইন) এর অধীন পরিচালিত অফসোর ব্যাংকিং ইউনিট হইতে কোনো আমানতকারী বা বাংলাদেশে অনিবাসী ঋণদাতা কর্তৃক গৃহীত সুদ বা মুনাফাকে কর পরিশোধ হইতে অব্যাহতি প্রদান করিল।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৭৫৬১)

মূল্য : টাকা ৪.০০